দামুড়হুদা হাউলী ইউনিয়নে ভিডব্লিউবি চাউল বিতরণ

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ভিডব্লিউবি চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার সময় হাউলী ইউনিয়ন পরিষদ চত্বরে এই চাউল বিতরণের শুভ উদ্বোধন করা হয়।

২০২৩-২৪ চক্রের জানুয়ারি ও ফেব্রুয়ারী মাসের চাউল বিতরণ করার মধ্যো দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ভিডব্লিউবি কার্ডের ৩৭৪ জন উপকারভুগীর কার্ডের চাউল বিতরণ শুরু হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন এর সভাপতিত্বে উক্ত চাউল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। এসময় তিনি বলেন পিছিয়ে পড়া মহিলাদেরকে আরো সামনের দিকে এগিয়ে আনার লক্ষ্যেই সামাজিক নিরাপত্তার বেষ্টনীর আওতায় ভিডব্লিউবি কার্ড দেওয়া হয়েছে। দুই বছর আপনারা ৩০ কেজি করে চাউল পাবেন। আপনাদের কথা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভেবেছেন। তাই আপনারা এই সুবিধা পাচ্ছেন। প্রকৃত মানুষ যেন এই চাউল পাই সেদিকে সবাই খেয়াল রাখবেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান।

এসময় আরও উপস্থিত ছিলেন, ট্যাগ অফিসার আতিকুর রহমান, হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম উদ্দিন, প্যানেল চেয়ারম্যান ২ শহিদুল ইসলাম, ইউপি সদস্য আ: হান্নান পটু, শাহাজামাল হোসেন, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লা সেলিম, রহিমা খাতুন, সাবিনা ইয়াসমিন মিনি। সংরক্ষিত মহিলা ইউপি সদস্য রওশনারা খাতুন রানি, রহিমা খাতুন। হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর শামসুল ইসলাম, ভিডব্লিউবি ফিল্ড ট্রেনার মিনারুল ইসলাম, ডিজিটাল সেন্টারের উদ্দোক্তা মাহমুদা পারভীন, সামসুজ্জোহা সৌরভ। গ্রাম পুলিশ আ: আজিজ, শরিফুল ইসলাম, বিজয় কুমার দাস, ইউসুফ আলী প্রমূখ।